রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ডিসেম্বর ২৬, ১৯৯০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

রাষ্ট্রপতির সচিবালয়

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়

প্রশাসন শাখা

প্রজ্ঞাপন

ঢাকা, ২১শে নভেম্বর, ১৯৯০/৬ই অগ্রহায়ণ, ১৩৯৭

এস, আর, ও নং ৪০৭-আইন/৯০-বাসককস/প্রশা/সিবি-৭০/৯০--গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে এবং এতদুদ্দেশ্যে প্রণীত আপাততঃ বলবৎ অন্যান্য বিধি বাতিলক্রমে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথাঃ—

১। সংক্ষিপ্ত শিরনামা—এই বিধিমালা বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ১৯৯০ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা—বিষয় কিংবা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে এই বিধিমালায়,—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন ;

(খ) "তফসিল" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল;

(গ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার; এবং কোন পদ অথবা এইরূপ পদ শ্রেণীর সহিত সম্পর্কিত নিয়োগের ব্যাপারে, সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন কর্মকর্তা ইহার অন্তর্ভুক্ত হইবে;

(ঘ) "পদ" অর্থ তফসিলে উল্লেখিত পদ;

(ঙ) "যোগ্যতা" অর্থ পদের বিপরীতে উল্লেখিত যোগ্যতা ;

(চ) "শিক্ষানবিস" অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি; এবং



মূল্যঃ টাকা ১·২০

(ছ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত শিক্ষা বোর্ড" বলিতে আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড; এবং এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক অনুমোদিত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। নিয়োগ পদ্ধতি--(১) তফসিলে উল্লেখিত বিধান এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী সাপেক্ষে কোন পদে নিয়োগদান করা হইবেঃ—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা হইবে না যদি তজ্জন্য উক্ত পদের যোগ্যতা তাহার না থাকে এবং সরাসরি নিয়োগ ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে উল্লেখিত বয়ঃসীমার মধ্যে না হয় ঃ

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তিকে কোন পদে এ্যাডহক ভিত্তিতে ইতিপূর্বে নিয়োগ করা হইয়া থাকিলে, উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য তাহার সর্বোচ্চ বয়ঃসীমা শিথিল করা যাইতে পারে।

৪। সরাসরি নিয়োগ।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) কমিশনের আওতা বহির্ভূত পদসমূহের ক্ষেত্রে সংশ্লিষ্ট বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবে না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডোমিসাইল না হন;

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহা-পরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড অথবা ক্ষেত্র বিশেষে তৎকর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার এই মর্মে প্রত্যায়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা উক্ত পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপে বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগ কর্তৃপক্ষ বা দপ্তর কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লেখিত ফিসহ যথাযথ ফরমে নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন;

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় ঊর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। পদোন্নতির মাধ্যমে নিয়োগ—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে ঃ

তবে শর্ত থাকে যে, ৩য় শ্রেণী হইতে ২য় শ্রেণী বা ১ম শ্রেণী এবং ২য় শ্রেণী হইতে ১ম শ্রেণীর কোন পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরী বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি উক্ত পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। শিক্ষানবিস—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে কোন পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিস স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য নিয়োগ করা হইবে ঃ

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিসীর মেয়াদ এইরূপ সম্প্রসারণ করিতে পারে যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসীর মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করে যে তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই সেইক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবে;

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিসীর মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, শিক্ষানবিসীর মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসীর আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবে; এবং

(খ) যদি মনে করে যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোন শিক্ষানবিসকে কোন পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারী আদেশবলে সময়ে সময়ে যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি পাস করেন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

তফসিল

| ক্রমিক নং। | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়ঃসীমা। | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | সচিব<br>টাকা ৪৭৫০—৫৫০০ | | সরকারের যুগ্ম-সচিব এবং তদূর্ধ পদ-মর্যাদার কোন সরকারী কর্মকর্তাকে প্রেষণে নিয়োগের মাধ্যমে। | |
| ২ | পরীক্ষা নিয়ন্ত্রক<br>টাকা ৪২০০—৫২৫০ | | পরিচালক বা উপ-সচিব পদ হইতে পদোন্নতির মাধ্যমে। পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরকারের সমপদ-মর্যাদার কর্মকর্তাকে প্রেষণে বদলীর মাধ্যমে নিয়োগ। | পরিচালক বা উপ-সচিব পদে কমপক্ষে তিন বৎসরের চাকুরী। |
| ৩ | প্রধান মনোবিজ্ঞানী<br>টাকা ৪২০০—৫২৫০ | | মনোবিজ্ঞানী পদ হইতে পদোন্নতির মাধ্যমে। পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সমপদ-মর্যাদার কোন কর্মকর্তাকে প্রেষণে বদলীর মাধ্যমে নিয়োগ। | মনোবিজ্ঞানী হিসাবে কমপক্ষে সাত বৎসরের চাকুরী। |
| ৪ | পরিচালক<br>টাকা ৩৭০০—৪৮২৫ | | উপ-পরিচালক বা ঊর্ধতন গবেষণা ও পরিসংখ্যান কর্মকর্তার পদ হইতে পদোন্নতির মাধ্যমে। পদোন্নতির যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরকারের সমপদ-মর্যাদার কর্মকর্তাকে প্রেষণে বদলীর মাধ্যমে নিয়োগ। | উপ-পরিচালক অথবা ঊর্ধতন গবেষণা ও পরিসংখ্যান কর্মকর্তা হিসাবে পাঁচ বৎসরের চাকুরী। |
| ৫ | উপ-সচিব<br>টাকা ৩৭০০—৪৮২৫ | | উপ-পরিচালক পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | উপ-পরিচালক পদে পাঁচ বৎসরের চাকুরী। |

| | | | |
|---|---|---|---|
| ৬ উপ-পরিচালক<br>টাকা ২৮০০—৪৪২৫ | অনূর্ধ ৩৫ বৎসর। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে শিথিলযোগ্য। | সহকারী পরিচালক, সহকারী সচিব, গবেষণা কর্মকর্তা বা পরিসংখ্যান কর্মকর্তার পদ হইতে পদোন্নতির মাধ্যমে। পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির জন্য ৪ নং কলামে উল্লেখিত যে কোন পদে সাত বৎসরের চাকুরী।<br><br>সরাসরি নিয়োগের জন্য—স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী তৎসহ প্রথম শ্রেণীর সরকারী পদ বা সমমানের পদে প্রশাসনিক কাজে সাত বৎসরের অভিজ্ঞতা। |
| ৭ মনোবিজ্ঞানী<br>টাকা ২৮০০—৪৪২৫ | অনূর্ধ ৩৩ বৎসর | জুনিয়র মনোবিজ্ঞানীর পদ হইতে পদোন্নতির মাধ্যমে। পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির জন্য জুনিয়র মনোবিজ্ঞানী হিসাবে সাত বৎসরের চাকুরী।<br><br>সরাসরি নিয়োগের জন্য কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে মনোবিজ্ঞানে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। মনস্তাত্ত্বিক অভীক্ষা, বুদ্ধিমত্তা ও সামর্থ্য যাচাইর কাজে বা অনুরূপ ব্যবহারিক মনোবিজ্ঞানে অথবা মনোবিজ্ঞানে শিক্ষকতা ও গবেষণা কাজে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৮ ঊর্ধতন গবেষণা ও পরিসংখ্যান কর্মকর্তা<br>টাকা ২৮০০—৪৪২৫ | | গবেষণা কর্মকর্তা বা পরিসংখ্যান কর্মকর্তার পদ হইতে পদোন্নতির মাধ্যমে। পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে নিয়োগের মাধ্যমে। | গবেষণা কর্মকর্তা অথবা পরিসংখ্যান কর্মকর্তা হিসাবে সাত বৎসরের চাকুরী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৯ | সহকারী পরিচালক<br>টাকা ১৬৫০—৩০২০ | | (ক) ½ ভাগ পদ অগ্রাধিকার ভিত্তিতে নিম্নলিখিত দুইটি গ্রুপের পদাধিকারীদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে—<br>(১) প্রধান সহকারী;<br>(২) উচ্চমান সহকারী (শাখা সহকারী), সাঁটলিপিকার, হিসাব রক্ষক বা হিসাব রক্ষক বনাম কোষাধ্যক্ষ। | পদোন্নতির জন্য ৪ নং কলামে উল্লেখিত এক বা একাধিক পদে দশ বৎসরের চাকুরী।<br>সরাসরি নিয়োগের জন্য—স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |
| | | অনূর্ধ ২৭ বৎসর | (খ) ½ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | |
| ১০ | সহকারী সচিব/<br>একান্ত সচিব<br>টাকা ১৬৫০—৩০২০ | | (ক) ½ ভাগ পদ অগ্রাধিকার ভিত্তিতে নিম্নলিখিত দুইটি গ্রুপের পদাধিকারীদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে--<br>(১) প্রধান সহকারী;<br>(২) উচ্চমান সহকারী (শাখা সহকারী), সাঁটলিপিকার, হিসাব রক্ষক বা হিসাব রক্ষক বনাম কোষাধ্যক্ষ। | পদোন্নতির জন্য ৪ নং কলামে উল্লেখিত এক বা একাধিক পদে দশ বৎসরের চাকুরী।<br>সরাসরি নিয়োগের জন্য স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |
| | | অনূর্ধ ২৭ বৎসর | (খ) ½ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | |
| ১১ | জুনিয়র মনোবিজ্ঞানী<br>টাকা ১৬৫০--৩০২০ | অনূর্ধ ২৭ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মনোবিজ্ঞানে প্রথম শ্রেণীতে স্নাতকোত্তর ডিগ্রী<br>অথবা<br>দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |

| | | | |
|---|---|---|---|
| ১২ গবেষণা কর্মকর্তা<br>টাকা ১৬৫০—৩০২০ | - | জুনিয়র গবেষণা কর্মকর্তার পদ হইতে পদোন্নতির মাধ্যমে। পদোন্নতির জন্য কোন যোগ্য প্রার্থী না পাওয়া গেলে প্রেষণে নিয়োগের মাধ্যমে। | জুনিয়র গবেষণা কর্মকর্তা হিসাবে পাঁচ বৎসরের চাকুরী। |
| ১৩ পরিসংখ্যান কর্মকর্তা<br>টাকা ১৬৫০—৩০২০ | অনূর্ধ ২৭ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে অথবা প্রেষণে নিয়োগের মাধ্যমে। | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান অথবা অর্থনীতিতে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। পরিসংখ্যান কাজে অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১৪ গ্রন্থাগারিক<br>টাকা ১৬৫০—৩০২০ | অনূর্ধ ২৭ বৎসর। অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়স পাঁচ বৎসর শিথিলযোগ্য। | সহকারী গ্রন্থাগারিক পদ হইতে পদোন্নতির মাধ্যমে। পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির জন্য সহকারী গ্রন্থাগারিক হিসাবে পাঁচ বৎসরের চাকুরী।<br>সরাসরি নিয়োগের জন্য কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞানে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী;<br>অথবা<br>গ্রন্থাগার বিজ্ঞানে দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী;<br>অথবা<br>গ্রন্থাগার বিজ্ঞানে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ গ্রন্থাগার কাজে দুই বৎসরের অভিজ্ঞতা;<br>অথবা<br>গ্রন্থাগার বিজ্ঞানে দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রীসহ গ্রন্থাগার কাজে তিন বৎসরের অভিজ্ঞতা;<br>অথবা<br>গ্রন্থাগার বিজ্ঞানে দ্বিতীয় শ্রেণীর ডিপ্লোমাসহ গ্রন্থাগার কাজে পাঁচ বৎসরের অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৫ | সহকারী গ্রন্থাগারিক টাকা ১৩৫০—২৭৫০ | অনূর্ধ ২৭ বৎসর | ক্যাটালগার পদ হইতে পদোন্নতির মাধ্যমে। পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির জন্য—ক্যাটালগার পদে সাত বৎসরের চাকুরী। সরাসরি নিয়োগের জন্য—স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞানে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী; অথবা গ্রন্থাগার বিজ্ঞানে দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রীসহ গ্রন্থাগার কাজে এক বৎসরের অভিজ্ঞতা; অথবা গ্রন্থাগার বিজ্ঞানে দ্বিতীয় শ্রেণীর ডিপ্লোমাসহ গ্রন্থাগার কাজে তিন বৎসরের অভিজ্ঞতা। |
| ১৬ | জুনিয়র গবেষণা কর্মকর্তা টাকা ১৩৫০—২৭৫০ | অনূর্ধ ২৭ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান অথবা অর্থনীতি অথবা সমাজ বিজ্ঞানের যে কোন শাখায় দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |
| ১৭ | প্রধান সহকারী টাকা ১০০০—২২৮০ | | (১৮-৬-৯১৮৬ তারিখের এসআরও নং ১৯৯/এল/৮৬/এমই(আর-১) আর-১২/৮৬ মারফত জারীকৃত বিধি অনুসারে)। | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ | উচ্চমান সহকারী/ শাখা সহকারী টাকা ৮৫০—১৭০০ | | (ক) নিম্নলিখিত পদ হইতে পদোন্নতির মাধ্যমে—<br>(অ) ৩৩% গুদাম রক্ষক, কেয়ার টেকার, নিম্নমান সহকারী বা নিম্নমান সহকারী তথা মুদ্রাক্ষরিক;<br>(আ) ১৩% মুদ্রাক্ষরিক বা মুদ্রাক্ষরিক তথা নিম্নমান সহকারী এবং<br>(ই) ২০% সাঁট মুদ্রাক্ষরিক; | পদোন্নতির জন্য—(১) ৪নং কলামে উল্লেখিত এক বা একাধিক পদে পাঁচ বৎসরের চাকুরী;<br>(২) সরকারী আদেশবলে সরকার কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ কৃতকার্যতার সহিত সম্পন্ন করা, যদি থাকে।<br>সরাসরি নিয়োগের জন্য ৮-১-১৯৮৫ তারিখের এসআরও নং ২৩/এল/৮৫/ আর-১/আর-৬৪/৮৪ এবং ১৭-১২-১৯৮৬ তারিখের এসআরও নং ৪৭০-এল/৮৬/ এমই/আর-১/আর-৭৯/৮৬ মারফত জারীকৃত বিধি অনুসারে। |
| | | ১৮—২৭ বৎসর | (খ) ৩৪% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | |
| ১৯ | সাঁটলিপিকার/ ব্যক্তিগত সহকারী টাকা ৮৫০—১৭০০ | | (১৬-৫-১৯৭৮ তারিখের এসআরও নং ১০৯-এল/৭৮/ইডি-এস ডব্লিউ-৩-৩-১৮/ ৭৮-১২৮ এবং ১৬-২-১৯৮৬ তারিখের এসআরও নং ৫৭-এল/৮৬ মারফত জারীকৃত বিধি অনুসারে। | |
| ২০ | হিসাব রক্ষক টাকা ৮৫০—১৭০০ | অনূর্ধ ২৭ বৎসর | কোষাধ্যক্ষ ও হিসাব সহকারী পদ হইতে পদোন্নতির মাধ্যমে। তবে কোষাধ্যক্ষ পদ পদোন্নতির জন্য অগ্রাধিকার পাইবে। পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির জন্য ৪নং কলামে উল্লেখিত এক বা একাধিক পদে পাঁচ বৎসরের চাকুরী।<br>সরাসরি নিয়োগের জন্য স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রী। হিসাব সংক্রান্ত কাজে অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তিদের অগ্রাধিকার দেওয়া হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২১ | হিসাব রক্ষক বনাম কোষাধ্যক্ষ<br>টাকা ৮৫০—১৭০০ | অনূর্ধ ২৭ বৎসর | কোষাধ্যক্ষ ও হিসাব সহকারী পদ হইতে পদোন্নতির মাধ্যমে। তবে কোষাধ্যক্ষ পদ পদোন্নতির জন্য অগ্রাধিকার পাইবে। পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির জন্য ৪ নং কলামে উল্লেখিত এক বা একাধিক পদে পাঁচ বৎসরের চাকুরী।<br>সরাসরি নিয়োগের জন্য—স্বীকৃত বিশ্ব-বিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রী। হিসাব সংক্রান্ত কাজে অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ২২ | ক্যাটালগার<br>টাকা ৮৫০—১৭০০ | অনূর্ধ ২৭ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | গ্রন্থাগার বিজ্ঞানে কোন স্বীকৃত বিশ্ব-বিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী;<br>অথবা<br>দুই বৎসরের অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা। |
| ২৩ | গুদাম রক্ষক<br>টাকা ৮০০—১৬৩০ | | নিম্নমান সহকারী বনাম মুদ্রাক্ষরিক পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | নিম্নমান সহকারী বনাম মুদ্রাক্ষরিক পদে চার বৎসরের চাকুরী। |
| ২৪ | কেয়ারটেকার<br>টাকা ৮০০—১৬৩০ | | নিম্নমান সহকারী বনাম মুদ্রাক্ষরিক পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | নিম্নমান সহকারী বনাম মুদ্রাক্ষরিক পদে চার বৎসরের চাকুরী। |
| ২৫ | কোষাধ্যক্ষ<br>টাকা ৮০০—১৬৩০ | অনূর্ধ ২৭ বৎসর | হিসাব সহকারী পদ হইতে পদোন্নতির মাধ্যমে। পদোন্নতির জন্য কোন যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির জন্য—হিসাব সহকারী পদে তিন বৎসরের চাকুরী।<br>সরাসরি নিয়োগের জন্য—স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রী। হিসাব কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |

| | | | |
|---|---|---|---|
| ২৬ সাঁট মুদ্রাক্ষরিক<br>টাকা ৮০০—১৬৩০ | | (১৬-৫-১৯৭৮ তারিখের এসআরও নং ১০৯-এল/৭৮/ইডি-এস ডব্লিউ৩-৩-১৮/৭৮-১২৮ এবং ১৬-২-১৯৮৬ তারিখের এসআরও নং ৫৭-এল/৮৬ মারফত জারীকৃত বিধি অনুসারে)। | |
| ২৭ হিসাব সহকারী<br>টাকা ৭০০—১৪১৫ | অনূর্ধ ২৭ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় পাস। |
| ২৮ নিম্নমান সহকারী বনাম মুদ্রাক্ষরিক<br>টাকা ৭০০—১৪১৫ | | (১২-৩-১৯৮৫ তারিখের এস,আর,ও নং ১২৭-এল/৮৫ এবং ২০-৯-১৯৮৭ তারিখের এস, আর, ও নং ১৯৯-আইন/৮৭/সম(এডি-১)-১৫৩/৮৬ মারফত জারীকৃত বিধি অনুসারে)। | |
| ২৯ মুদ্রাক্ষরিক<br>টাকা ৭০০—১৪১৫ | | (২৪-১০-১৯৭৮ তারিখের এস,আর,ও নং ২৭৫-এল/৭৮/ইডি (আর-২)আর-১০/৭৮-৬৩ মারফত জারীকৃত বিধি অনুসারে)। | |
| ৩০ অভ্যার্থনাকারী<br>টাকা ৭০০—১৪১৫ | অনূর্ধ ২৭ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় পাস। অভ্যার্থনা কাজে অভিজ্ঞতা-সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৩১ টেলিফোন অপারেটর<br>টাকা ৭০০—১৪১৫ | অনূর্ধ ২৭ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় পাস। পিএবিএক্স বোর্ড চালনায় অভিজ্ঞতা-সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩২ | গাড়ী চালক<br>টাকা ৭০০—১৪১৫ | অনূর্ধ ২৭ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | অষ্টম শ্রেণী পাস এবং বৈধ লাইসেন্স-সহ হালকা ও ভারী যানবাহন চালনায় অভিজ্ঞতা-সম্পন্ন। |
| ৩৩ | ক্যাশ সরকার<br>টাকা ৬০০—১১১০ | | (১০-৫-১৯৮৯ তারিখের এস,আর,ও নং ১০৯/আইন/৮৯/সম(আর-১)আর-৩৮/৮৯-১২৯ মারফত জারীকৃত বিধি অনুসারে)। | |
| ৩৪ | ডুপ্লিকেটিং মেশিন অপারেটর<br>টাকা ৬০০—১১১০ | | (১২-৩-১৯৮৫ তারিখের এস,আর,ও নং ১২৭-এল/৮৫ মারফত জারীকৃত বিধি অনুসারে)। | |
| ৩৫ | ডেসপাচ রাইডার<br>টাকা ৫৫০—৯৬৫ | | (১২-৩-১৯৮৫ তারিখের এস আর ও নং ১২৭-এল/৮৫ মারফত জারীকৃত বিধি অনুসারে)। | |
| ৩৬ | দপ্তরী<br>টাকা ৫৫০—৯৬৫ | | (১২-৩-১৯৮৫ তারিখের এস,আর,ও নং ১২৭-এল/৮৫ মারফত জারীকৃত বিধি অনুসারে)। | |
| ৩৭ | এম,এল,এস,এস(পিয়ন)<br>টাকা ৫০০—৮৬০ | | (১২-৩-১৯৮৫ তারিখের এসআরও নং ১২৭-এল/৮৫ এবং ২০-৯-১৯৮৭ তারিখের এসআরও নং ১৯৯-আইন/৮৭/সম(এডি-১)-১৫৩/৮৬ মারফত জারীকৃত বিধি অনুসারে)। | |

| | | | |
|---|---|---|---|
| ৩৮ দারোয়ান<br>টাকা ৫০০—৮৬০ | অনূর্ধ ২৭ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | ৮ম শ্রেণী পাস। |
| ৩৯ নৈশ প্রহরী<br>টাকা ৫০০—৮৬০ | অনূর্ধ ২৭ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | ৮ম শ্রেণী পাস। |
| ৪০ মালী<br>টাকা ৫০০—৮৬০ | অনূর্ধ ২৭ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | ৮ম শ্রেণী পাস। |
| ৪১ ঝাড়ুদার<br>টাকা ৫০০—৮৬০ | অনূর্ধ ২৭ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | ৮ম শ্রেণী পাস। |

রাষ্ট্রপতির আদেশক্রমে
এ, এইচ, এম, নুরুদ্দীন
সচিব।

মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
খোন্দকার আহ্‌ফজালুল করিম, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্‌ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।